



Special Religious Education and Special Education in Ethics Participation Letter

NSW শিক্ষা বিভাগ

বিশেষ ধর্ম শিক্ষা এবং নীতিবিদ্যা শিক্ষায় অংশগ্রহণ পত্র

NSW-এ গণশিক্ষা ব্যবস্থার একটি বৈশিষ্ট্য হল পিতামাতার পছন্দ অনুযায়ী ধর্মীয় বা অ-ধর্মীয় দৃষ্টিকোণ থেকে নীতিবিদ্যা, ধর্মীও বিশ্বাস এবং নৈতিকতা শেখানোর জন্য ক্লাশে সময় ও সুযোগ দেয়া হয়।

পিতা-মাতা বা তত্তাবধায়কের পছন্দকে সমর্থন যোগাতে স্কুলের ওয়েবসাইটে (নিচের লিংকে দেখানো আছে) এই বিষয়ে তথ্যাবলী দেয়া আছে।

স্কুলের ওয়েবসাইট লিংক

একজন পিতা-মাতা বা তত্তাবধায়ক যে কোন সময় স্কুলকে তাদের সিদ্ধান্ত পরিবর্তনের কথা লিখিতভাবে জানাতে পারেন। শিক্ষার্থীরা পূর্ববর্তী বছরের মতো একই ব্যবস্থা অব্যাহত রাখবে, যদি না তাদের পিতা-মাতা বা তত্তাবধায়ক লিখিতভাবে পরিবর্তনের অনুরোধ করেন।

বিশেষ ধর্মীয় শিক্ষা (Special Religious Education (SRE)) এবং নীতিবিদ্যার উপর বিশেষ শিক্ষার (Special Education in Ethics (SEE)) উপর আরো তথ্য জানতে এবং এর সাথে অনুমোদিত শিক্ষা প্রদানকারীর তালিকা দেখতে, অনুগ্রহপূর্বক দেখুন: <https://education.nsw.gov.au/teaching-and-learning/curriculum/learning-across-the-curriculum/religion-and-ethics>

যদি আপনার পছন্দের SRE বা SEE না থাকে তাহলে অনুগ্রহ করে অনুমোদিত শিক্ষা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। যে সকল শিক্ষার্থী SRE বা SEE-তে অংশগ্রহণ করে না, তাদেরকে একজন তত্তাবধায়কের অধীনে বিকল্প অর্থপূর্ণ কার্যক্রম দেওয়া হয়।

নিম্নলিখিত পছন্দসমূহ এই স্কুলে পাওয়া যায়।

স্কুলের নাম

দয়া করে একটি পছন্দ নির্বাচন করুন এবং আপনার পছন্দের বাক্সে টিক চিহ্ন দিন।

SRE পছন্দসমূহ (SRE Options)

- পছন্দ ১ _____
- পছন্দ ২ _____
- পছন্দ ৩ _____
- পছন্দ ৪ _____
- পছন্দ ৫ _____
- পছন্দ ৬ _____
- পছন্দ ৭ _____

অথবা

দয়া করে এই বক্সটি টিক দিন যদি আপনি আপনার সন্তানকে SRE -তে অংশগ্রহণ করতে দিতে না চান।
আপনার সন্তান বিকল্প অর্থপূর্ণ কার্যক্রমে অংশগ্রহণ করবে। (Student will not participate in SRE)

ইংরেজিতে নিচের তথ্য সম্বলিত পাতাটি পূরণ করুন, স্বাক্ষর করুন এবং এই নোটটি স্কুলে পাঠিয়ে দিন।

শিক্ষার্থীর নাম _____ শ্রেণী _____
Student name Year

পিতা-মাতা বা তত্তাবধায়কের স্বাক্ষর _____ তারিখ _____
Signature of parent/carer Date

টেলিফোন দোভাষী সার্ভিস

যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে দয়া করে টেলিফোন দোভাষী সার্ভিসে, এই নম্বরে 13 14 50 -এ ফোন করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য অনুরোধ করুন। আপনার কাঙ্ক্ষিত নম্বরে অপারেটরকে ফোন করতে বলুন। কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীকে সংযোগ করে দিবেন। আপনাকে এই সেবার জন্য কোন মূল্য দিতে হবে না।